দৈনিক বাংলা

তারিখ ... 18 MAR 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৮ ...

05

# শিক্ষকরা এখনও ঈদের অনুদান পাননি

নিজস্ব সংবাদদাতা ঃ কিশোরগঞ্জ, ১৭ মার্চ।—পবিত্র ঈদুল ফিতরের পক্ষকাল পরেও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ সরকার ঘোষিত অনুদান পাননি।

ঈদুল ফিতরের পূর্বে সরকারী এক তথ্য বিবরণীতে বলা হয়, ঈদুল ফিতর উপলক্ষে বিদ্যালয় ও মাদ্রাসার শিক্ষকগণ যারা স্থানীয় ব্যাংকে একাউন্ট খুলেছেন তাদের একাউন্ট নম্বরে জানুয়ারী ও ফেব্রুয়ারী '৯৫—এ দুই মাসের অনুদানের টাকা পূর্বতন মাসিক ৫শ টাকা হারে প্রেরণ করা হয়েছে, যাতে তারা ঈদুল ফিতরের পূর্বেই ব্যাংক হতে এ টাকা উত্তোলন করতে পারেন।

রহস্যজনক কারণে সরকারের এ ঘোষণা সত্ত্বেও বেসরকারী শিক্ষকগণের অনুদান ঈদুল ফিতরের প্রায় পক্ষকাল পরেও তারা পাননি। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবিলম্বে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য কিশোরগঞ্জের শিক্ষকগণ আবেদন জানিয়েছেন।